



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৩-১২-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

অদ্য ০৩-১২-২০২০ তারিখ 'আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস' উপলক্ষে দুপুর ১২:৩০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবন সংলগ্ন আর্টিফিসিয়াল টারফ মাঠে শারীরিক প্রতিবন্ধী ফুটবল খেলোয়াড়গণের অংশগ্রহণে 'বঙ্গবন্ধু প্যারা ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২০' এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উক্ত টুর্নামেন্টে ২টি শারীরিক প্রতিবন্ধী ফুটবল দল, ৪টি বধির ও শ্রবণ প্রতিবন্ধী ফুটবল দল, ২টি আমকুচি ফুটবল দলসহ মোট ৮টি দল অংশগ্রহণ করে। যাহার খেলোয়াড় সংখ্যা মোট ৬০ জন।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ফুটবল ফেডারেশন সিনিয়র সহ-সভাপতি জনাব আব্দুস সালাম মুশেদী, এমপি, বাফুফে সহ-সভাপতি জনাব মহিউদ্দিন আহমেদ মহি, বাফুফে কার্যানির্বাহী কমিটির সদস্যবৃন্দ জনাব জাকির হোসেন চৌধুরী, জনাব টিপু সুলতান, জনাব মোঃ ইলিয়াস হোসেন, জনাব মহিদুর রহমান মিরাজ ও বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ এবং বাফুফে টেকনিক্যাল ডাইরেক্টর মিঃ পল থমাস স্মলী।

এছাড়াও উপস্থিত ছিলেন আদর্শিত এর নির্বাহী পরিচালক জনাব বদিউজ্জামান আল-আমিন, স্পোর্টস্ এন্ড কালচারাল সোসাইটি অব ডিসাবল এর সভাপতি জনাব ইফতেখার হোসেন সোহেল।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।